গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

## ২০১৫-২০১৬ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন:

১ এপ্রিল, ২০১০খ্রিঃ তারিখের পূর্বে ৩৯৭ জন জনবল দিয়ে অত্র অধিদপ্তরের সকল কার্যক্রম ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের মাধ্যমেভাড়াবাড়িতে পরিচালনা করা হত। ১ এপ্রিল, ২০১০ থেকে এমআরপি ও এমআরভি কার্যক্রম শুরু হওয়ার পর দেশের মধ্যে ৬৪টি জেলায় প্রথমে ৩৪টি ও পরে ৩৩টি সর্বমোট৬৭টি বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিসের মাধমে জনসাধারনকে পাসপোর্ট ও ভিসা সেবা প্রদান করা হচ্ছে। অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে জনবলের সংখ্যা ৩৯৭ থেকে ১১৮৪ জনে উন্নীত করা হয়েছে। ইতিমধ্যে ৩৪টি নিজস্ব পাসপোর্ট অফিস ভবন নির্মাণ করা হয়েছে১৭টি জেলায় পাসপোর্ট অফিস ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। জুলাই/২০১৬খ্রিঃ পর্যন্ত এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ মেশিন রিডাবল পাসপোর্ট এবং প্রায় চার লক্ষ মেশিন রিডাবল ভিসা প্রদান করা হয়েছে। অগ্রগতির এ ধারাবাহিকতায় বিগত ২০১৫-২০১৬ অর্থ বছরে যে সকল কার্যক্রম গৃহীতহয়েছে তা নিম্নরুপঃ

**১। যথাযথ সময়ে এমআরপি ও এমআরভি প্রদানঃ** ২০১৫-২০১৬ অর্থ বছরে ৩৩,০৩,০০৫টি এমআরপি এবং ৭০,৩৯৪টি এমআরভি প্রদান করা হয়েছে। এর মাধ্যমে ১,১২৫ কোটি ১৭ লক্ষ ৫৩ হাজার টাকা রাজস্ব অর্জিত হয়েছে।

**২। অবকাঠামোগত উন্নয়নঃ** ২০১৫-২০১৬ অর্থ বছরে ২৪৭ কোটি টাকা ব্যয়ে ৩৪টি বিভাগীয় ও আঞ্চলিক পাসপোর্ট অফিসের নিজস্ব ভবনের নির্মাণকাজ সম্পন্ন হয়েছে। ১৭(সতের)টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মানের DPP একনেক সভায় অনুমোদিত হয়েছে যার প্রাক্কলিত ব্যয় ১০৭ কোটি ৬০ লক্ষ ৯৯ হাজার টাকা।অফিস গুলোর জমি অধিগ্রহণের কাজ চলমান রয়েছে। আরও ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণের জন্য গণপূর্ত বিভাগে DPP প্রণয়ন করা হচ্ছে। ঢাকা সিটির উত্তরায় একটি পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স এর কাজ নির্মাণাধীন আছে যার প্রাক্কলিত ব্যয় প্রায় ২৮(আটাশ)কোটি টাকা। এছাড়াও বহিরাগমন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণএবং প্রধান কার্যালয়অন্যত্র স্থানান্তরের কার্যক্রমপ্রক্রিয়াধীন আছে।

**৩। পাসপোর্ট সেবা সপ্তাহ ২০১৬:** ২৪-২৮ এপ্রিল ২০১৬ খ্রিঃ তারিখে প্রথমবারের মতো ''পাসপোর্ট সেবা সপ্তাহ-২০১৬" পালন করা হয়। এর মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে ''পাসপোর্ট নাগরিক অধিকার, নিঃস্বার্থ সেবাই অঙ্গীকার"। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ''পাসপোর্ট সেবা সপ্তাহ-২০১৬" এবং ৯(নয়)টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের (মানিকগঞ্জ, কুষ্টিয়া, পাবনা, পটুয়াখালী, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ ও দিনাজপুর) নিজস্ব ভবনের শুভ উদ্বোধন করেন।

**৪। আইন প্রণয়ন ও বিধি সংশোধনঃ** পাসপোর্ট আইন ২০১৬ ও বাংলাদেশ ইমিগ্রেশন আইন ২০১৬ এর খসড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চুড়ান্ত পর্যায়েরয়েছে। এছাড়া বাংলাদেশ পাসপোর্ট বিধিমালা-১৯৭৪ এর বিধি ৪ এর উপধারা-২(আবেদনপত্র সত্যায়নের পদ্ধতি)প্রত্যাহার এবং বিধি-৫ এর উপ-বিধি(১) সংশোধন পূর্বকপাসপোর্টেরমেয়াদ প্রাথমিকভাবে সর্বনিম্ন৫ বছর এবং সর্বোচ্চ১০ বছর করার বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

**৫। অনলাইন ব্যাংকিং কার্যক্রমচালুঃ** সোনালী ব্যাংকে পাসপোর্ট ফিস জমাদানের প্রচলিত পদ্ধতির পাশাপাশি বেসরকারী ০৫টি ব্যাংক (ঢাকা ব্যাংক, ট্রাস্ট ব্যাংক, ওয়ান ব্যাংক, প্রাইম ব্যাংক ও ব্যাংক এশিয়া) এর মাধ্যমে অনলাইনে পাসপোর্ট ফিস গ্রহণের ব্যবস্থা করা হয়েছে।

**৬। ই-পাসপোর্ট প্রবর্তনঃ**এমআরপি এর উন্নত সংস্করন ই-পাসপোর্ট প্রবর্তনেরজন্য অধিদপ্তর কর্তৃক DPP প্রণয়নের কার্য ক্রমপ্রক্রিয়াধীন আছে।

**৭। AFIS সিস্টেম আপগ্রেডেশনঃ** AFIS সিস্টেমের কার্য ক্ষমতাবৃদ্ধি ও আপগ্রেডেশনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দে শের প্রেক্ষিতে অধিদপ্তর কর্তৃক IRIS JV এর নিকট প্রস্তাব চাওয়া হয়েছে।

**৮। এমআরপি সংশ্লিষ্ট যন্ত্রপাতি ক্রয়ঃ** এমআরপি সংশ্লিষ্ট যন্ত্রপাতি যেমনঃ সার্ভার, রাউটার, সুইচ ইত্যাদি ক্রয়ের জন্য টেন্ডার আহবান করা হয়েছে।

**৯। ঢাকায় নতুন ৪(চার)টি আবেদন প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপনঃ** জনগণকে দ্রুত পাসপোর্ট সেবা দেয়ার নিমিত্ত ঢাকা জেলায় ৪(চার)টি স্থানে (ঢাকা পূর্ব াঞ্চল, ঢাকা পশ্চিমাঞ্চল, ঢাকা সেনানিবাস ও সচিবালয়) ৪(চার)টি পাসপোর্ট আবেদন প্রক্রিয়াকরণ কেন্দ্র সৃজনের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে এবং দ্রুত অফিস স্থাপনের কার্য ক্রমপ্রক্রিয়াধীন আছে।

**১০। সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসঃ** বিদ্যমান ১১৮৪ জন জনবল দিয়ে অধিদপ্তরের ক্রমবর্ধ মান কার্য ক্রম সুষ্ঠুভাবে কর্ম সম্পাদন এবং জনগণকে কাঙ্খিত সেবা প্রদানের নিমিত্তে সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসপূর্ব ক৬০১২টি নতুন পদ সৃজন করার প্রস্তাব চুড়ান্ত পর্য ায়েরয়েছে।

**১১। পাসপোর্ট সেবায় ডিজিটাল কার্য ক্রমেরঅন্তর্ভূক্তিঃ** প্রতিটি আঞ্চলিক পাসপোর্ট অফিসের জন্য আলাদা Facebook ID খোলার মাধ্যমে পাসপোর্ট সেবা প্রদানের লক্ষ্যে Facebook পেজ এ সিটিজেন চার্ট ারসংযুক্ত করা হয়েছে।পাসপোর্ট আবেদন প্রস্তুত সংক্রান্ত নির্দে শাবলীও প্রদর্শ ন করা হয়েছে। Facebook এর মাধ্যমে গ্রাহক থেকে বিভিন্ন ধরণের পরামর্শ পাওয়া যাচ্ছে যা সেবার মান উন্নয়নে ভূমিকা রাখছে। অধিদপ্তরের ওয়েব সাইটের মাধ্যমে এমআরপি এবং এমআরভি এর অনুসন্ধান প্রক্রিয়া চালু করা হয়েছে। জেলার ওয়েব পোর্ট ালেআঞ্চলিক পাসপোর্ট অফিস সমূহ সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে।এছাড়া UDC এর মাধ্যমে অনলাইনে আবেদনপত্র পূরণের উদ্যোগ নেয়া হয়েছে।Online এর মাধ্যমে পাসপোর্ট আবেদনপত্র গ্রহণের জন্য A2i এর সাথে চুক্তি চূড়ান্ত পর্য ায়ে

**১২। বাংলাদেশ মিশনসমূহে মুদ্রিত পাসপোর্ট প্রেরণের জন্য আন্তর্জাতিক পোস্টাল সার্ভি সের সাথে চুক্তিঃ** বেসরকারী কুরিয়ারের মাধ্যমে মুদ্রিত পাসপোর্ট দ্রুত বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পৌঁছে দেওয়ার জন্য দরপত্র আহ্ববান করা হয়েছে। দরপত্রের মূল্যায়ন চলছে।

**১৩।** ২০১৫-২০১৬ অর্থ বছরে বিদেশস্থ ৬৫টি বাংলাদেশ মিশনে এমআরপি ও এমআরভি কার্য ক্রম চালুর প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হয়েছে।

**১৪।** International Civil Aviation Authority (ICAO) কর্তৃক নির্ধ ারিত সময় ২৪ নভেম্বর ২০১৫ এর মধ্যে প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদানের কার্য ক্রমসফলভাবে সম্পন্ন হয়েছে।

**১৫।** বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত ভারতের বিলুপ্ত ছিটমহল সমূহের ভারতীয় নাগরিকত্ব বহাল রাখার অপশন গ্রহণকারী ৯৮২ জনের অনুকূলে একাধিকবার গমনাগমনের সুবিধার জন্য ভিসা প্রদান করা হয়েছে।

**১৬।** বহিরাগমন ও পাসপোর্ট অধিদেপ্তরের নিয়ন্ত্রণাধীন বহিরাগমন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৪২ জন কর্ম কর্তাও ৩৮৩ জন কর্ম চারীকে পাসপোর্ট ও ইমিগ্রেশন বিধি-বিধান ও এমআরপি এন্ড এমআরভি প্রযুক্তি ও সফটওয়্যারের ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে বিদেশস্থ মিশনে প্রেষণে নিয়োগপ্রাপ্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৫ জন কর্ম কর্তাও রয়েছেন।এছাড়া অধিদপ্তরের কর্ম কর্তাগণ কর্তৃক DGFI, NSI ও SB এর চাহিদার প্রেক্ষিতে পাসপোর্ট ও ইমিগ্রেশন বিধি-বিধান সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয়েছে।